৭

দৈনিক ইত্তেফাক

তারিখ ২৬ JAN 1997 পৃঃ ৩ কলাম ৫

# ৩ হাজার ছাত্র-ছাত্রী বিসিএস পরীক্ষায় অংশ নিতে পারিতেছে না

রাজশাহী অফিস ॥ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের অপসারণের দাবীতে গত ৯ই জানুয়ারী থেকে শিক্ষক সমিতি ও সর্বদলীয় ছাত্রঐক্য পরিষদের আহ্বানে লাগাতার ধর্মঘটে বিশ্ববিদ্যালয়ের সকল প্রশাসনিক ও একাডেমিক কার্যকলাপ বন্ধ হইয়া যাওয়ায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৩ সহস্রাধিক ছাত্র-ছাত্রী আসন্ন প্রতিযোগিতামূলক ১৮-তম বিসিএস পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিতেছে না। তাহারা ফরমও পূরণ করিতে পারিবে না। ফরম পূরণের সর্বশেষ তারিখ হইল ১৫ই ফেব্রুয়ারী। বিশ্ববিদ্যালয় ২৫শে জানুয়ারী হইতে ১৭ই ফেব্রুয়ারী পর্যন্ত ছুটি। পূর্ব নির্দিষ্ট শীতকালীন ছুটি হইতেছে ধর্মঘটের মধ্যেই।

পাবলিক সার্ভিস কমিশনের নিয়ম

(৪র্থ পৃঃ দ্রঃ)

## ৩ হাজার ছাত্র-ছাত্রী

(৩য় পৃঃ পর)

অনুযায়ী যে সকল বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী কমপক্ষে অনার্স পরীক্ষা (মৌখিকসহ) সম্পন্ন করিয়াছে তাহারা বিসিএস পরীক্ষার ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে। কিন্তু লাগাতার ধর্মঘটের ফলে ১৯টি বিভাগের অনার্স পরীক্ষার ফলাফল প্রকাশ করা সম্ভব হয় নাই। ২৬টি বিভাগের অনার্স পরীক্ষা স্থগিত হইয়া আছে। কোন কোন বিভাগের মাত্র দুই/একটি পরীক্ষা শেষ হইতে বাকী আছে। আবার কয়েকটি বিভাগের শুধু মৌখিক পরীক্ষা হয় নাই। মাষ্টার্স পরীক্ষাও একই কারণে স্থগিত হইয়া আছে।

বিসিএস পরীক্ষায় অংশগ্রহণ করিতে না পারায় সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের মধ্যে ক্ষোভের সঞ্চার হইয়াছে। তাহাদের কেহ কেহ বলিয়াছে, সেশন জটের কারণে বয়স বৃদ্ধি পাওয়ায় আসন্ন বিসিএস ছাড়া আর প্রতিযোগিতামূলক পরীক্ষায় তাহারা অংশগ্রহণ করিতে পারিবেনা।